

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (উচ্চবিদ্যালয়)
বাংলা মাধ্যম (সহ শিক্ষা)
বিষয় - জীবন বিজ্ঞান
শ্রেণি - সপ্তম

Work Sheet -1

পূর্ণমান - ২০

সময় - ৪০মিনিট

১। প্রতিটি প্রশ্নের সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যাসহ বাক্যটি সম্পূর্ণ করে লেখো : (১×৫=৫)

১.১ উদ্ভিদের বিকাশের জন্য প্রয়োজন ক)জল খ)আলো গ)বাতাস ঘ)সবকটি

১.২ তুমি আজ ভাত দিয়ে আলুর তরকারি খেয়েছো . তোমার খাবারে কি নেই বলে তুমি মনে করো ? -
ক)প্রোটিন খ)ফ্যাট গ)শর্করা ঘ) ক এবং খ

১.৩ কোলাজেন প্রোটিনটি পাওয়া যায় ক)চুলে খ)রক্তে গ)অস্থিতে ঘ)পেশিতে

১.৪ একটি পরিপোষকের উদাহরণ হলো ক)চিনি খ)ডাল গ)ভিটামিন B12 ঘ)সবকটি

১.৫ পৃথিবীতে মিষ্টি জলের পরিমাণ ক) ৩% খ) ০.৩% গ)৩.৩৩% ঘ) ০.০০৩%

২। নীচের বাক্য গুলিতে উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো : (১×৫=৫)

২.১ BMI এর পুরো নাম হলো _____ ।

২.২ অপুষ্টি রোগটি _____ এর অভাবে হয় ।

২.৩ কোল্ড ড্রিঙ্কস একটি _____ তরল খাদ্য ।

২.৪ ভিটামিন সি এর রাসায়নিক নাম হলো _____ ।

২.৫ আমাদের দাঁত শক্ত রাখে _____ নামক খনিজ লবন ।

৩। নীচের বাক্য গুলি সত্য অথবা মিথ্যা নিরূপণ করো : (১×৫=৫)

৩.১ একটি সরল শর্করার উদাহরণ হলো সুক্রোজ |

৩.২ ভিটামিন E রক্তক্ষরণ বন্ধ করে |

৩.৩ মানুষের শরীরের ৬০% হলো জল |

৩.৪ কৃত্রিম খাদ্যে ভেজাল মিশে থাকতে পারে |

৩.৫ সালোকসংশ্লেষ প্রক্রিয়ায় জল অতি প্রয়োজনীয় |

৪। একটি শব্দে বা একটি বাক্যে উত্তর লেখো : (১X৫=৫)

৪.১ সালোকসংশ্লেষে প্রয়োজনীয় গ্যাস কোনটি?

৪.২ একটি দ্বিশর্করার উদাহরণ দাও

৪.৩ বিসদৃশ শব্দটি খুঁজে বার করে লেখো : ভাত, ডাল, মাছ, ডিম্

৪.৪ শর্করা : গ্লুকোজ :: প্রোটিন : ____ (শূন্যস্থান পূরণ করো)

৪.৫ ফ্যাটের আধিক্যে কোন রোগ হয় ?